

India participates at the third G20 Sherpa meeting in Yogyakarta, Indonesia

September 30, 2022

ইন্দোনেশিয়ার যোগ্যকর্তায় তৃতীয় জি20 শেরপাদের বৈঠকে ভারতের যোগদান

সেপ্টেম্বর 30, 2022

সেপ্টেম্বর 26-29, 2022 -এ যোগ্যকর্তায় ইন্দোনেশিয়ার জি20 সভাপতিত্বে অনুষ্ঠিত তৃতীয় জি20 শেরপাদের বৈঠকে ভারতের জি20 শেরপা শ্রী অমিতাভ কান্ত ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দিয়েছেন। ইন্দোনেশিয়ার সভাপতিত্বে প্রথম শেরপা বৈঠক অনুষ্ঠিত হয়েছিল 2021 সালের ডিসেম্বর মাসে ও দ্বিতীয়টি অনুষ্ঠিত হয়েছিল 2022 সালের জুলাই মাসে।

ভাষণ প্রদানকালে, শ্রী অমিতাভ কান্ত 2022 সালের নভেম্বর মাসে আসন্ন জি20 বালি শীর্ষসম্মেলনের অর্থপূর্ণ ফলাফলের চূড়ান্তকরণে ইন্দোনেশিয়ার সভাপতিত্বের প্রচেষ্টাতে ভারতের প্রতিশ্রুতি ও সক্রিয় সমর্থনকে পুনরায় নিশ্চিত করেছেন। স্থিতিস্থাপক বৃদ্ধি, এসডিজি-তে দ্রুত অগ্রগতি, লাইফস্টাইল ফর এনভায়রনমেন্ট (লাইফ) মাধ্যমে জলবায়ু পরিবর্তনের মোকাবিলা করা সহ , প্রযুক্তি নির্ভর বিকাশ এবং ডিজিটাল পাবলিক পরিকাঠামো, বহুপাক্ষিক সংস্কার ও নারীর ক্ষমতায়নের মত মুখ্য অগ্রাধিকারের ক্ষেত্রগুলিতে আন্তর্জাতিক সহযোগিতা ও প্রচেষ্টা মজবুত করার উপরে আরও বেশী মাত্রায় আন্তর্জাতিক দৃষ্টি আকর্ষণ করার জন্য জি20র প্রয়োজনীয়তার উপরেও তিনি জোর দিয়েছেন। জি20 শেরপা বৈঠকের পাশাপাশি শ্রী অমিতাভ কান্ত ব্রাজিল, ফ্রান্স, জার্মানি, জাপান, রাশিয়া, সৌদি আরব, দক্ষিণ কোরিয়া, স্পেন, ইউকে ও ইউএসএ-র তার সমপদস্থ সফররত শেরপাদের সাথেও দ্বিপাক্ষিক আলোচনা করেছেন।

বৈঠক চলাকালীন , জি20 -র পরিপ্রেক্ষিতে বিদ্যমান ভূরাজনৈতিক পরিস্থিতির উপরে শ্রী কান্ত, সম্প্রতি 16ই সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শ্রী মোদীর মন্তব্য যে “ আজকের যুগ যুদ্ধের যুগ নয়... শুধুমাত্র কূটনীতি এবং সংলাপ যা বিশ্বকে স্পর্শ করে” তা বিশেষভাবে উল্লেখ করেছেন।

ভারতের গঠমূলক হস্তক্ষেপগুলি জি20 আলোচনায় বৃহত্তর ইতিবাচকতা এবং আশাবাদকে প্রভাবিত করেছে , বিদ্যমান বৈশ্বিক চ্যালেঞ্জগুলিকে কার্যকরভাবে মোকাবিলা করার জন্য সম্মিলিত সংকল্পকে আরও জোরদার করেছে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 30, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.